

ডাইরীর পাতা

--বিধান দে

বন্ধুর উপহার দে'য়া ডাইরীর কয়েক পাতায়
কাটা-কাটি হিজি-বিজি কিছু লেখা-
পারিবারিক ফর্দ।
হয়তো বা আংশিক সাংসারিক বাজেট সারৎসার-
পাউডার মিস্ক, চায়ের পাতা, বিসকিট আর
প্রাতঃ কিংবা সান্ধ্য আসরের
এক চুমুক সুখ পান,
একঠোঁট ঘনিষ্ঠ জীবন
হয়তো এক পেয়ালা সর্বনাশা সময় অবগাহন।

আসলে ব্যস্ত জীবনে প্রত্যেকেরই কিছু কথা
অব্যক্ত হয়ে লুকিয়ে থাকে
এখানে ওখানে। যার কথা
বন্ধু ও জানে না, আমিও না-
কেউ না জানলেও অবশ্যই জানে শাস্ত্রত সময়
হিজি বিজি কাটা কাটি জীবন রেখা
সবই আগলে রাখে পাতায় পাতায়।

আমি উল্টে পাল্টে ডাইরীটা দেখে
অতি সন্তর্পণে রেখে দিলাম
বন্ধুর উপহার।